প্রধান কার্যালয় কর্তৃক পরিচালিত বছরভিত্তিক মোবাইল কোর্ট:

মনিটরিং-কার্যক্রম পরিচালনার মাধ্যমে বিভিন্ন খাদ্য-স্থাপনায় প্রাপ্ত অসংগতিসমূহ সংশোধনমূলক পরামর্শ দেয়া হয়। পরবর্তীতে সে সকল খাদ্য-স্থাপনা ও হোটেল-রেস্তোরাঁয় খাদ্যে ভেজাল দেয়া বা অনিরাপদ খাদ্য উৎপাদন কাজে সম্পৃক্ত আছে এমন ব্যবসায়ীদের বিচারের আওতায় আনতে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষে পদায়নকৃত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, জেলা পর্যায়ে জেলা প্রশাসকের কার্যালয়ে নিযুক্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ মোবাইল কোর্ট পরিচালনা করছেন।

অর্থবছর	মোবাইল কোর্টের সংখ্যা	মামলা দায়েরের সংখ্যা	অর্থদণ্ডের পরিমাণ (লক্ষ টাকায়)	দণ্ডিত ব্যক্তির সংখ্যা (জন)	কারাদন্ড (জন)
২০১৮-২০১৯	৫৫	৬৯	২৩৫	৮৭	৪
২০১৯-২০২০	১৩৪	১৩৭	২৬২.৫	১৪১	১৩
২০২০-২০২১	১৬২	১৫৭	২১২	১৫৭	০
২০২১-২০২২	১৬৪	১৪১	১৯১	১৪১	০
২০২২-২০২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	১৪৪	১২১	১৩৬	১২১	০
সর্বমোট	**৪৭০**	**৬২৫**	**১০৩৬.৫**	**৬৪৭**	**১৭**

বছরভিত্তিক মনিটরিং কার্যক্রম:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিভিন্ন পরিদর্শনটিম বিভিন্ন খাদ্যস্থাপনা নিয়মিত পরিদর্শন, পরামর্শ প্রদান এবং পরামর্শ প্রতিপালন বিষয়ে মনিটরিং ইত্যাদি কার্যক্রমে সার্বক্ষণিক সম্পৃক্ত রয়েছে। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে খাদ্য পরিদর্শকগণ এবং নিরাপদ খাদ্য অফিসারগণ নিয়মিত খাদ্যস্থাপনা, হাট-বাজার ইত্যাদি পরিদর্শন করে থাকে।

অর্থবছর	মনিটরিং সংখ্যা
২০২০-২১	১৯৯৬৯
২০২১-২২	১৮৮৪২
২০২২-২০২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	৯৭৪৭
সর্বমোট	**৪৮৫৫৮**

বিভিন্ন অর্থবছরের গ্রেডিংকৃত প্রাপ্ত হোটেল-রেস্তোরাঁর সংখ্যা:

নগরায়ণ ও আয় বৃদ্ধির সাথে সাথে ব্যক্তিক্ষেত্রে এখন খাবারের জন্য হোটেল-রেস্তোরাঁর উপর নির্ভরশীলতা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে ক্যাটারিং শিল্পেরও কর্মপরিধি বৃদ্ধি পাচ্ছে। নিরাপদ খাদ্য নিশ্চিতে গ্রেডিং পদ্ধতি অনুসরণ করে কর্তৃপক্ষ কর্তৃক খাদ্য-স্থাপনায় (হোটেল-রেস্তোরাঁ, মিষ্টি-কারখানা) গ্রেডিং ও রিগ্রেডিং প্রদান ও নিয়মিত পরিদর্শন করে থাকে।

গ্রেডিংকৃত:

অর্থবছর	A+	A	B	C	সর্বমোট
২০১৮-২০১৯	১৮	৩৯	-	-	৫৭
২০১৯-২০২০	৯	১৫	০৯	০৫	৩০
২০২০-২০২১	১২	১২	০৬	-	৩০
২০২১-২০২২	১২	১৩	০৪	০৪	৩৩
২০২২-২০২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	২৫	২৭	১৮	০৮	৭৮
সর্বমোট	**৬৮**	**১০৬**	**৩৭**	**১৭**	**২২৮**

রিগ্রেডিংকৃত:

অর্থবছর	A+	A	B	C	সর্বমোট
২০২০-২০২১	০৬	১৩	০৫	০৭	৩১
২০২১-২০২২	৯	১৪	০৯	০৮	৪০
২০২২-২০২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	-	-	-	-	-
সর্বমোট	**১৫**	**২৭**	**১৪**	**১৫**	**৭১**

বিভিন্ন অর্থবছরের প্রাপ্ত নমুনা পরীক্ষার ফলাফল:

খাদ্যের মান ও নিরাপদতা পরীক্ষার জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের তত্ত্বাবধানে সারা বছরব্যাপী সারাদেশ থেকে বিভিন্ন ধরনের (চিনি, পাউরুটি, ব্রেড ইম্প্রোভার, কোমল পানীয়, শুঁটকি মাছ, মিষ্টিজাত দ্রব্য, জুস, জেলী, চকলেট, গুড়, কেকে ব্যবহৃত রঙ, আচার, সস, দুধ ইত্যাদি) নমুনা সংগ্রহ করে সরকার স্বীকৃত বিভিন্ন ডেজিগনেটেড ল্যাবে পরীক্ষা করা হয়। নমুনা পরীক্ষান্তে ফলাফল বিশ্লেষণ করা হয় এবং অনুমোদিত মাত্রার উপরে প্রাপ্ত নমুনার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, জনসাধারণের জন্য সর্তকতামূলক গনবিজ্ঞপ্তি জারিসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হয়।

অর্থবছর	পরীক্ষিত নমুনার সংখ্যা	অনুমোদিত মাত্রার নিচে নমুনার সংখ্যা	অনুমোদিত মাত্রার উপরে নমুনার সংখ্যা
২০১৯-২০	১৭৩১	১৫৩৫	১৯৬
২০২০-২১	২৩৫৪	১৭২৮	২৬৮
২০২১-২২	১২৮২	১১৩০	১৫২
২০২২-২০২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	১৪৭৮	১৩২৪	১৫৪
সর্বমোট	৬৮৪৫	৫৭১৭	৭৭০

বিভিন্ন অর্থবছরের প্রশিক্ষণ বিবরণী:

নিরাপদ খাদ্য নিশ্চিত করতে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করা জরুরি। সে প্রেক্ষিতে কর্তৃপক্ষ কর্তৃক বছরব্যাপি সংশ্লিষ্ট খাদ্যকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের মাধ্যমে খাদ্যকর্মীগণ খাদ্য প্রস্তুত, পরিবেশন ও ব্যক্তিগত স্বাস্থ্যবিধি, ইত্যাদি বিষয়ে জ্ঞান অর্জন করেন।

অর্থবছর	প্রশিক্ষণ প্রাপ্ত খাদ্যকর্মীর সংখ্যা
২০২০-২১	৩৫৯৩
২০২১-২২	৯৬১০
২০২২-২০২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	১১৪৮১
সর্বমোট	২৪৬৮৪

বছর ভিত্তিক টিভিসি প্রচার তথ্যাদি:

কর্তৃপক্ষ প্রতিথযশা নির্মাতা ও নাট্যাভিনেতাদের অংশগ্রহণে বছরব্যাপী দেশের সকল জেলায় বিভিন্ন বিষয় ভিত্তিক টিভিসি নির্মাণ এবং তা বিভিন্ন সরকারি ও বেসরকারি টেলিভিশন চ্যানেলে প্রচার করে আসছে। নিরাপদ খাদ্য বিষয়ে ব্যাপক জনসচেতনতা তৈরির একটি অন্যতম মাধ্যম হচ্ছে টিভিসি।

অর্থবছর	টিভিসি প্রচারিত (মিনিট)
২০২০-২১	৯০৮
২০২১-২২	৩৮৭
২০২২-২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	৫৪২
সর্বমোট	১৮৩৭

বছর ভিত্তিক গণবিজ্ঞপ্তি প্রচার কার্যক্রম:

জনসাধারনের জন্য খাদ্য নিরাপদতার স্বার্থে বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকা সমূহে (বাংলা ও ইংরেজি), স্মরণিকা ও পত্রিকার বিশেষ সংখ্যায় প্রকাশ করা হয়। জনগণ ও খাদ্যব্যবসায়ীদের সচেতন করতে নিরাপদ খাদ্য বিষয়ক আইন/বিধি/প্রবিধি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি প্রচার করা হয়ে থাকে।

অর্থবছর	গনবিজ্ঞপ্তির সংখ্যা	পত্রিকার সংখ্যা
২০২০-২১	৪	৬৩
২০২১-২২	৭	৩৯
২০২২-২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	৬	৪২
সর্বমোট	১৭	১৪৪

কমিউনিটি রেডিও-এর মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ক বার্তা প্রচার:

কমিউনিটি রেডিও হচ্ছে কমিউনিটি ভিত্তিক রেডিও। এই গণমাধ্যমের সাথে জড়িত দরিদ্র এবং প্রান্তিক জনগোষ্ঠীর নিকট নিরাপদ খাদ্য বিষয়ক বার্তা পৌছে দেয়ার জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ প্রথম বারের মত উদ্যোগ গ্রহণ করেছে। ২০২২-২০২৩ অর্থবছরে দেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে দেশে চলমান ০৩টি কমিউনিটি রেডিওতে মোট ৩০০ মিনিটের নিরাপদ খাদ্য বিষয়ক বার্তা প্রচার করা হয়েছে।

উঠান বৈঠক:

নিরাপদ খাদ্য সম্পর্কে গ্রামীণ নারীদের স্বচ্ছ ধারণা প্রদান করার জন্য উঠান বৈঠক একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ২০২২-২০২৩ অর্থবছরে কর্তৃপক্ষ-এর উদ্যোগে গৃহিণীদের নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতন করার নিমিত্ত প্রতি ব্যাচে ২৫ জন অংশগ্রহণকারী তথা গৃহিণীদের সমন্বয়ে বৈঠক সম্পন্ন করা হয়ে থাকে।

অর্থবছর	উঠান বৈঠক	অংশগ্রহণকারী গৃহিণীদের সংখ্যা
২০২১-২০২২	১৪০	৩৫০০
২০২২-২৩ (৩০ এপ্রিল পর্যন্ত)	১২৮	৩২০০
সর্বমোট	২৬৮	৬৭০০

০৭.০৫.২৩

এস এম নুরুজ্জামান
পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ